

শিল্পীরা এখন অষ্ট্রেলিয়ায়

লাইভ শো: ১৫ জানুয়ারী পার্থ; ২২ জানুয়ারী সিডনী



ছবি: নইমুল (Perth) - শিল্পীদের সাথে পার্থের সংগঠকরা!

প্রতিবেদক: ১৩ জানুয়ারী! আজ মালেশিয়ান এয়ারলাইন্সে বাংলাদেশ থেকে পার্থ এবং সিডনীতে লাইভ ভেরাইটি শো'তে অংশ নেয়ার জন্য অষ্ট্রেলিয়াম এসে পৌঁছেছেন! দলে আছেন বাংলাদেশের টিভি ও ফিল্ম জগতের অন্যতম অভিনেতা মাহফুজ আহমেদ, চঞ্চল চৌধুরী, ফজলুর রহমান বাবু, বুমানা, স্বাগতা ও আমার আমি অনূর্ধ্বান খ্যাত মুনমুন! শিল্পীদের এ দলটি ১৫ জানুয়ারী পার্থ ও ২২ জানুয়ারী মারানা অডিটোরিয়াম (হাটসভিল, সিডনীতে) দু'টি লাইভ শোতে অংশ নেবেন! মনমাতানো এ বিচিত্রা অনূর্ধ্বানে থাকছে শিল্পীদের না বলা কথা, কৌতুক, অভিনয়, নাচ, দর্শকদের অংশগ্রহণে থাকবে আকর্ষণীয় এক পর্ব, থাকবে ফজলুর রহমান বাবু ও চঞ্চল এর মনপুরা সিনেমার গানও!

এ শিল্পী দলটি বাংলাদেশের একটি চ্যানেলের জন্য সিডনীতে ২৬ পর্বের একটি ধারাবাহিক নাটক তৈরীতে অভিনয় করবেন! দলটির সাথে ধারাবাহিকটি তৈরীর জন্য বাংলাদেশ হতে আরো এসেছেন অসবেন বাংলাদেশ প্রতিনিধি মিজানুর রহমান, প্রডিউসার আফতাব বিন তমিজ, পরিচালক আল-হাজেন, চিত্রগ্রাহক আলাউল বাকি ছাড়াও অভিনেতা দেলোয়ার ও শিশুশিল্পী মুফু! তাছাড়া কিছু কিছু চরিত্রে স্থানীয় শিল্পীরাও অভিনয় করবেন! অসবেন কর্মকর্তা গোলাম মোস্তফা জানিয়েছেন ইতিমধ্যে লাইভ শো ও ধারাবাহিক নাটকের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে!